২৭তম বিসিএস ক্যাডার হয়েও যোগদান করলেন না শফিকুল ইসলাম

২৭ তম বিসিএস এ কৃষি ক্যাডার হিসেবে নিয়োগ পেলেও যোদান করলেন না মেহেরপুরের কৃতি সন্তান আনছার কমান্ড্যান্ট শফিকুল ইসলাম। তিনি মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের মৃত নাসির উদ্দিনের ছেলে।

শফিকুল ইসলাম ২৭ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে ২০০৭ সালে কৃষি ক্যাডারে মেধা তালিকায় ১৫৩ তম স্থান লাভ করেন। তৎকালীন সময়ে ২৭ তম বিসিএস থেকে ১০৩৭ জনকে চাকুরী হতে বাদ দেয়া হয়। বর্তমান অন্তবর্তী সরকার গঠনের পর সুপ্রিম কোর্টের রায় মোতাবেক ১৮ বছর পর ২৭ তম বিসিএস এর মাধ্যমে জ্যেষ্ঠতা দিয়ে সকল বঞ্চিতদের নিয়োগ দিতে বলা হয়। সে মোতাবেক গেজেট প্রকাশের মাধ্যমে শফিকুল ইসলামকে কৃষি ক্যাডারে যোগদান করার জন্য পিএসসি সুপারিশ করে এবং গত ১ জানুয়ারি যোগদান করার জন্য বলা হয়। কিন্তু তিনি আর ক্যাডার পদে যোগদান করবেন না বলে সিদ্ধান্ত নেন।

শফিকুল ইসলাম বর্তমানে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপপরিচালক পদমর্যাদায় পটুয়াখালী জেলা কমান্ড্যান্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বলেন, দীর্ঘ ১৮ বছরে বাহিনী, সহকর্মী, বাহিনীর প্রতিটি সদস্যের ভালবাসা ও মায়া ত্যাগ করে তিনি ক্যাডার পদে যোগদান না করার সিদ্ধান্ত।

শফিকুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার ১৯৯১ সালে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি, ১৯৯৩ সালে মেহেরপুর সরকারি কলেজ থেকে এইচএসসি, ২০০১ সালে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে অনার্স এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ থেকে সয়েল সায়েন্স বিষয়ে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।